গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ রেজাউল করিম
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৬ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ।

সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ। পরিশিষ্ট- ক দ্রষ্টব্য ।

জুম ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রামকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করা হয় । সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভার কার্যপত্র উপস্থাপন করেন । উপস্থাপিত জুন ২০২০ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয় । সভায় সংযুক্ত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন । কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় । অতঃপর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত আলোচনা এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর পূর্ত নির্মাণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখ-২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় চলমান ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে ।

চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি জানতে চাইলে, অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর মাধ্যমে এ জেলার ৯টি উপজেলার মধ্যে উলিপুর, চিলমারী ও ভূরুঙ্গামারী উপজেলায় ০৬(ছয়)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে । অন্যান্য উপজেলায় ১৩(তের)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ এবং ৪টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ কাজ চলমান আছে । তিনি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম হতে প্রাপ্ত উপজেলা ভিত্তিক ইউনিয়ন ভূমি অফিসসমূহ ও সীমানা প্রাচীর নির্মাণ কাজের তথ্য নিম্নোক্তভাবে উপস্থাপন করেন :-

| ক্রঃনং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | উলিপুর | ধরণীবাড়ী ইউনিয়ন ভূমি অফিস | ৬৩,০০,০০০/- | মোঃ জহুরুল হক দুলাল ঘোষপাড়া, কুড়িগ্রাম । | ৩০/০৮/২০১৮ | ১০০% |
| | | ধামশ্রেনী ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| ২ | চিলমারী | রাণীগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৩,০০,০০০/- | মোঃ শাহাজাহান মিয়া চিলমারী, কুড়িগ্রাম। | ৩০/০৮/২০১৮ | ১০০% |
| | | চিলমারী ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |

| ক্রঃনং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ৩ | রাজারহাট | বিদ্যানন্দ ইউনিয়ন ভূমি অফিস | ১,৬৭,৫৮,০০০/- | মোঃ জাহাঙ্গীর আলম সুমন তিস্তা, লালমনির হাট। | ২৭/১০/২০১৯ | ৯০% |
| | | চাকিরপশার ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯০% |
| | | উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস | | | | ৪০% |
| ৪ | নাগেশ্বরী | নাগেশ্বরী পৌর ভূমি অফিস | ১,১২,২৮,০৫০/- | মেসার্স সাগর ট্রেডার্স কেরানীপাড়া, রংপুর। | ১৩/১১/২০১৯ | ৯৫% |
| | | ভিতরবন্দ ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯৫% |
| ৫ | ভূরুঙ্গামারী | চর-ভূরুঙ্গামারী ইউনিয়ন ভূমি অফিস | ১,১৩,৯১,৭৫০/- | মেসার্স আলতাফ এন্টারপ্রাঃ, জুম্মাপাড়া, রংপুর। | ০৯/০৩/২০২০ | ১০০% |
| | | বলদিয়া ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| ৬ | ফুলবাড়ী | ভাঙ্গামোড় ইউনিয়ন ভূমি অফিস | ১,৭৭,৪৮,০০০/- | মেসার্স শামীম ট্রেডার্স হরিকেশ, কুড়িগ্রাম। | ১৩/০১/২০২০ | ৯০% |
| | | বড়ভিটা ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯০% |
| | | ফুলবাড়ী ইউনিয়ন ভূমি অফিস | | | | ৮৫% |
| ৭ | রৌমারী | রৌমারী সদর ইউনিয়ন ভূমি অফিস | ১,১২,৭৫,৫৫০/- | মোঃনুরুজ্জামান কাঁঠালবাড়ী, কুড়িগ্রাম। | ০৯/০৩/২০২০ | ৩৫% |
| | | যাদুর চর ইউনিয়ন ভূমি অফিস | | | | ৭৫% |
| ৮ | কুড়িগ্রাম সদর | ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস | ৫৪,৫২,০০০/- | মেসার্স ফেলকন এন্টারপ্রাইজ, হরিকেশ, কুড়িগ্রাম। | ১৬/১০/২০২০ | ৫% |
| ৯ | রাজিবপুর | মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৯,৭০,০০০/- | মেসার্স সাউদি ট্রেডিং লালমনিরহাট | ২৮/১১/২০২০ | ৫% |
| ১০ | | রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস | ৬৮,৫৫,০০০/- | মেসার্স সমাপ্তি ট্রেডার্স চিলমারী, কুড়িগ্রাম। | ২৪/১১/২০২০ | ৫% |
| ১১ | উলিপুর/ চিলমারী | ক) ধরণীবাড়ী ও থামশ্রেণী ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ<br>খ) রাণীগঞ্জ ও চিলমারী সদর ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ | ৫৯,৯৯,৬০০/- | মোঃ নুরুল আমিন সরকার, কুড়িগ্রাম। | ১৯/০৫/২০২০ | ৪৫% |

ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, উলিপুর, চিলমারী ও ভূরুঙ্গামারী উপজেলার ০৬(ছয়)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে চিলমারী উপজেলার ০২(দুই)টি ও ভূরুঙ্গামারী উপজেলার ০২(দুই) ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তর করা হয়েছে। উলিপুর উপজেলাধীন ধরণীবাড়ী ইউনিয়ন ভূমি অফিসের কিছু কাজ বাকী থাকায় হস্তান্তর হয়নি মর্মে সহকারী কমিশনার(ভূমি), উলিপুর তার কার্যালয়ের স্মারক নং-৩৪৪, তারিখ-০৮/০৭/২০২০ মোতাবেক জানিয়েছেন। রাজারহাট, নাগেশ্বরী, ফুলবাড়ী এবং রৌমারী উপজেলার ইউনিয়ন ভূমি অফিস এবং উলিপুর ও চিলমারী উপজেলাধীন ০৪(চার)টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের নির্মাণ কাজের জন্য নির্ধারিত সময় অতিবাহিত হয়েছে।

যে সকল ইউনিয়ন ভূমি অফিস এবং সীমানা প্রাচীরের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদারগণ সম্পন্ন করতে পারেননি সে সকল ইউনিয়ন ভূমি অফিস এবং সীমানা প্রাচীরের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও নির্মাণাধীন ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের গুনগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গনকে নির্দেশনা প্রদান করেন।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগনকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল),কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি), (সকল),কুড়িগ্রাম। |
| ২। উলিপুর উপজেলাধীন ধরণীবাড়ী ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ দ্রত সম্পন্ন করে হস্তান্তর গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), উলিপুর।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৩। যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদারগণ সম্পন্ন করতে পারেননি সে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভায় সংযুক্ত সকলকে স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
ও
সভাপতি
জেলা মনিটরিং কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮- ৮২৫(২৫)

তারিখ : ২৬ শাবণ, ১৪২৭
১০ আগস্ট, ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প", ভূমি মন্ত্রণালয়।
৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ............................... (সকল). কুড়িগ্রাম।
৫। সহকারী কমিশনার(ভূমি), ............................... (সকল). কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। সহকারী কমিশনার, আইসিটি জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (ওয়েব প্রোটালে প্রকাশের অনুরোধসহ) ।
৮। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। অফিস কপি ।

১০/০৮/২০২০

(আমিনুল ইসলাম বুলবুল)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কুড়িগ্রাম।
ফোনঃ০৫৮১-৬১৩১০(অফিস)